

**লিখিত পরীক্ষার সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনে জনবল নিয়োগের লক্ষ্যে গত ২৭/১১/২০২৫ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে নিম্নোক্ত শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্নবর্ণিত তারিখ, সময়সূচী ও কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

| ক্রমিক<br>নং | পদের নাম                       | লিখিত পরীক্ষার কেন্দ্রের নাম ও রোল নাম্বার              |                                | লিখিত পরীক্ষার<br>তারিখ ও সময়                |
|--------------|--------------------------------|---------------------------------------------------------|--------------------------------|-----------------------------------------------|
| ১.           | সহকারী নিরীক্ষক                | প্রিমিয়ার ইউনিভার্সিটি,<br>ওয়াসা ক্যাম্পাস, চট্টগ্রাম | রোল : ২৫৩১০০০০১ থেকে ২৫৩১০০৫৮১ | ৩০/০৪/২০২৬<br>বৃহস্পতিবার<br>সকাল ১১.০০ ঘটিকা |
| ২.           | উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) |                                                         | রোল : ২৫২৮০০০০১ থেকে ২৫২৮০০২০২ |                                               |

- ২। লিখিত পরীক্ষার কেন্দ্র, তারিখ ও সময়সূচি সম্পর্কিত এসএমএস (SMS) আবেদনকারীদের মোবাইলে প্রেরণ করা হবে। এছাড়াও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জব পোর্টাল ([www.jobccc.gov.bd](http://www.jobccc.gov.bd)) ও ওয়েবসাইটে ([www.ccc.gov.bd](http://www.ccc.gov.bd)) এ সংক্রান্ত নোটিশ প্রকাশ করা হবে।
- ৩। প্রার্থীগণ মূল প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রবেশপত্রসহ সকল শিক্ষাগত সনদসমূহ প্রদর্শন করবেন।
- ৪। প্রার্থীগণকে নিয়োগ বিজ্ঞপ্তি ও প্রবেশপত্রে বর্ণিত শর্তসমূহ প্রতিপালনপূর্বক পরীক্ষার কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- ৫। প্রার্থীগণ পরীক্ষার সময় কোন প্রকার বই, ব্যাগ, স্মার্ট ঘড়ি, ইলেক্ট্রনিক ডিভাইস ও মোবাইল নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করতে পারবেন না।
- ৬। প্রার্থীগণকে অবশ্যই লিখিত পরীক্ষা শুরু হওয়ার ৩০(ত্রিশ) মিনিট পূর্বে কেন্দ্রে প্রবেশ করতে হবে।
- ৭। আবেদনকারীকে উপস্থিতি পত্র এবং উত্তরপত্রের জন্য প্রবেশপত্রে ব্যবহৃত একই স্বাক্ষর ব্যবহার করতে হবে।
- ৮। লিখিত পরীক্ষায় আবেদনকারীকে কালো বলপয়েন্ট কলম ব্যবহার করতে হবে।
- ৯। পরীক্ষায় কোনরূপ অসদুপায় অবলম্বন করলে তাঁর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
- ১০। এ সংক্রান্ত যে কোন তথ্যের বিষয়ে জব পোর্টাল [www.jobccc.gov.bd](http://www.jobccc.gov.bd) এ যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

সদস্য সচিব

শূন্য পদ পূরণ সংক্রান্ত বাছাই কমিটি-১ ও ২  
ও সচিব  
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জনাব ....., সভাপতি/সদস্য, শূন্য পদ পূরণ সংক্রান্ত বাছাই কমিটি-১ ও ২, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
- ২। রেজিস্ট্রার, প্রিমিয়ার ইউনিভার্সিটি, চট্টগ্রাম
- ৩। জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার, সচিবালয় বিভাগ, চট্টগ্রাম সিটি কর্পোরেশন (১টি জাতীয় ও ১টি স্থানীয় পত্রিকায় বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধসহ)
- ৪। উপাচার্য, প্রিমিয়ার ইউনিভার্সিটি, চট্টগ্রাম মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী
- ৫। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, চট্টগ্রাম সিটি কর্পোরেশন
- ৭। অফিস কপি